

বিশ্বে সবচেয়ে বেশি পর্যটক টানছে ব্যাংকক

- A Monitor Desk Report

Date: 22 December, 2025



ঢাকা : থাইল্যান্ডের রাজধানী ব্যাংকক আবারও ২০২৫ সালে বিশ্বের সবচেয়ে বেশি পর্যটক আসা শহরগুলোর মধ্যে শীর্ষস্থান দখল করেছে।

ধারণা করা হচ্ছে, এ বছর থাইল্যান্ডের এই রাজধানী শহরটিতে প্রায় ৩ কোটি ৩০ লাখ আন্তর্জাতিক পর্যটকের আগমন ঘটেছে। বাজার গবেষণা সংস্থা ইউরোমনিটর ইন্টারন্যাশনালের একটি প্রতিবেদনে এমন তথ্য উঠে এসেছে।

জমজমাট নাইটলাইফ, স্ট্রিট ফুডের দৃশ্য এবং ক্রমবর্ধমান হোটেল শিল্পের জন্য বিখ্যাত থাই রাজধানী সারা বিশ্বের পর্যটকদের অন্যতম আকর্ষণীয় গন্তব্য হয়ে রয়েছে। এই বছর বিশ্বের সেরা 'কুল' সড়কের মধ্যে একটি হিসেবে পরিচিত হওয়া চারোএন নাখন রোড এবং 'হোয়াইট লোটাস ইফেক্ট' ব্যাংককের আন্তর্জাতিক আকর্ষণকে আরও বাড়িয়ে তুলেছে।

পর্যটননীতি ও পর্যটক আকর্ষণে সফল হওয়া সত্ত্বেও সামগ্রিকভাবে সেরা শহরের র‍্যাঙ্কিংয়ে ব্যাংকক শীর্ষ ১০-এ উঠে আসতে পারেনি। পর্যটক আসার ক্ষেত্রে ব্যাংককের পর দ্বিতীয় স্থানে রয়েছে হংকং। এই নগরে প্রায় ২ কোটি ৩২ লাখ আন্তর্জাতিক পর্যটক গেছেন। পর্যটকের এই সংখ্যা নগরটির মোট জনসংখ্যার প্রায় তিন গুণ।

এ ছাড়া ২ কোটি ২৭ লাখ পর্যটক আগমনের মাধ্যমে তৃতীয় স্থানে রয়েছে লন্ডন। এর ফলে ২০২৫ সালে ইউরোপের সবচেয়ে জনপ্রিয় পর্যটন গন্তব্যে পরিণত হয়েছে লন্ডন। ক্যাসিনো ও প্রাণবন্ত বিনোদনের জন্য পরিচিত চীনের ম্যাকাওয়ে গেছেন ২ কোটি ৪ লাখ পর্যটক। এই সংখ্যা ম্যাকাওকে চতুর্থ স্থানে উঠিয়ে এনেছে।

হংকংয়ের ভিস্টোরিয়া হারবার

হংকংয়ের ভিস্টোরিয়া হারবারফাইল ছবি: রয়টার্স

ইউরোমনিটর ইন্টারন্যাশনালের তথ্য অনুসারে, ২০২৫ সালে আন্তর্জাতিক পর্যটক আগমনের জন্য শীর্ষে থাকা ১০ নগরের মধ্যে ক্রমানুসারে অন্য ছয়টি হচ্ছে তুরস্কের ইস্তাম্বুল (১ কোটি ৯৭ লাখ পর্যটক), সংযুক্ত আরব আমিরাতের দুবাই (১ কোটি ৯৫ লাখ), সৌদি আরবের পবিত্র মক্কা

(১ কোটি ৮৭ লাখ), তুরস্কের আন্তালিয়া (১ কোটি ৮৬ লাখ), ফ্রান্সের প্যারিস (১ কোটি ৮৩ লাখ) এবং মালয়েশিয়ার কুয়ালালামপুর (১ কোটি ৭৩ লাখ)।

পর্যটন অবকাঠামো, সাংস্কৃতিক বিশেষ বৈশিষ্ট্য এবং পিএসজি চ্যাম্পিয়নস লিগ জয়ের মতো বড় বড় ফুটবল ম্যাচের হাই-প্রোফাইল ইভেন্টগুলোর কারণে প্যারিস টানা পঞ্চম বছরের মতো বিশ্বব্যাপী সবচেয়ে আকর্ষণীয় শহর হিসেবে রয়ে গেছে। অন্যান্য শীর্ষস্থানীয় ইউরোপীয় শহরের মধ্যে রয়েছে মাদ্রিদ, রোম, মিলান, আমস্টারডাম ও বার্সেলোনা।

-B